

প্রাথমিকের সহকারী শিক্ষকদের পদায়ন লটারিতে

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২২ জুন, ২০২৬ ২০:৫৫



সংগৃহীত ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের পদায়নে লটারি পদ্ধতি চালু করেছে সরকার। স্বচ্ছতা নিশ্চিত করতে নতুন এই নিয়মের আওতায় শিক্ষকদের উপজেলা পর্যায়ে বিভিন্ন বিদ্যালয়ে পদায়ন করা হবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়-২ অধিশাখার এক প্রজ্ঞাপনে জানানো হয়, নতুন শিক্ষকদের পদায়নের দায়িত্ব পালন করবে জেলা কমিটি।

আরো পড়ুন



তিতাস গ্যাস অধিভুক্ত এলাকার গ্রাহকদের জন্য জরুরি সতর্কবার্তা

জেলা প্রশাসককে (ডিসি) সভাপতি এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে সদস্যসচিব করে গঠিত কমিটি

লটারির মাধ্যমে নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের পদায়ন নিশ্চিত করবে।

কমিটিতে জেলা শিক্ষা অফিসার এবং জেলা প্রশাসক মনোনীত দুজন গণ্যমান্য ব্যক্তিও থাকবেন। কমিটি প্রতি মাসে অন্তত একবার সভা করে পদায়ন ও বদলি সংক্রান্ত বিষয় পর্যালোচনা করবে এবং প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে পাঠাবে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, জনস্বার্থে জারি করা এই নতুন নিয়ম অবিলম্বে কার্যকর হবে।